দৈনিক সংবাদ

173

তারিখ 07 DEC 1991
পৃষ্ঠা 6 কলাম 2

### কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সম্মেলন শুরু

# গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠার আহ্বান

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

শিক্ষাঙ্গনে সন্ত্রাস নির্মূলসহ রাষ্ট্রীয় ও সামাজিক জীবনের সর্বক্ষেত্রে গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠার আহ্বানের মধ্য দিয়ে গতকাল শুক্রবার থেকে বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (বাকবিশিস) দু'দিনব্যাপী জাতীয় সম্মেলন শুরু হয়েছে।

বাকবিশিস সভাপতি ডঃ ম আখতারুজ্জামানের সভাপতিত্বে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী মিলনায়তনে আয়োজিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জাতীয় সংসদের স্পীকার শেখ রাজ্জাক আলী, সর্বভারতীয় কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের কোষাধ্যক্ষ অধ্যাপক অজয় রায়, পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি জ্যোতি প্রকাশ চট্টোপাধ্যায়, বাকবিশিস-এর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ডঃ তাজুল ইসলাম ও ডঃ নূরুল ইসলাম বক্তব্য রাখেন।

সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ফজলুল হালিম চৌধুরীর সভাপতিত্বে 'শিক্ষার গণতন্ত্রায়ন' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।